

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১২৫-আইন/২০২০/৭৬/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ বিধৃত H.S.Code এবং কলাম (3) এ বর্ণিত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীসমূহের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সমুদয় সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading (1)	H.S.Code (2)	Description (3)
84.43	8443.32.10 8443.99.10	Computer printer Toner cartridge/Inkjet cartridge for computer printer
84.71	8443.99.20 All H.S.Code (excluding 8471.6010)	Parts for computer printer Computer and computer accessories
84.73	8473.30.00	Parts and accessories of computer
85.17	8517.62.30	Modem; Ethernet interface card; network switch; hub; router
85.23	8523.29.12	Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet

		collaboration and presentation tools
	8523.41.00	Unrecorded optical media
	8523.49.21	Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet collaboration and presentation tools
	8523.51.10	Flash memory card or similar media, unrecorded
	8523.51.21	Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet collaboration and presentation tools
	8523.59.10	Proximity cards and tags
	8523.80.10	Database; operating systems; development tools; security software used for only data or information protection; word processing, spreadsheet, internet collaboration and presentation tools
85.28	8528.42.00	Capable of directly connecting to and designed for use with an automatic data processing machine of heading 84.71
	8528.52.10	Computer monitor size not exceeding 22 inch
96.12	9612.10.10	Computer printer ribbons

শর্তাবলি:

- (১) সংশ্লিষ্ট আমদানিকারককে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীনে VAT compliant আমদানিকারক হিসেবে মুসক নিবন্ধিত হইতে হইবে;

ব্যাখ্যা।—

VAT compliant অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬

এর অধীনে নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এমন আমদানিকারক প্রতিষ্ঠান;

- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী ১২ (বার) মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মুসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে;

তবে শর্ত থাকে যে, কোন যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হয় তবে সেই ক্ষেত্রে শুক্কায়নকালে পরিশিষ্ট মোতাবেক মুসক বিভাগীয় কর্মকর্তা হইতে প্রদত্ত একটি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

- ২। ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৩৬-আইন/২০১৭/২২/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

- ৩। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট**  
**প্রত্যয়নপত্র**  
**[শর্তাবলির দফা (২) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, .....  
(আমদানিকারকের নাম ও ঠিকানা) একটি মুসক নিবন্ধিত আমদানিকারক প্রতিষ্ঠান।

উক্ত প্রতিষ্ঠান বিগত..... অর্থ-বৎসরে রেয়াতি হারে আমদানিকৃত উপকরণ বা কীচামাল প্রতিষ্ঠানের রেজিস্টারে এন্ট্রি করিয়াছে এবং বিগত অর্থ-বৎসরের মূল্য সংযোজন কর সংক্রান্ত ১২ (বার) টি অথবা প্রযোজ্য ক্ষেত্রে ....টি রিটার্ন বা দাখিলপত্র সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট অনলাইনে/হার্ডকপি দাখিল করিয়াছে/করে নাই।

স্বাক্ষর :  
(মুসক বিভাগীয় কর্মকর্তা)  
(নামীয় সিলসহ)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।